ফুরোলো ফুরোলো এবার   পরীক্ষার এই পালা—
          পার হয়েছি আমি   অগ্নিদহন-জ্বালা ॥
মা গো মা, মা গো মা,   এবার তুমি জাগো মা—
     তোমার   কোলে উজাড় করে দেব অপমানের ডালা ॥
তোমার   শ্যামল আঁচলখানি   আমার   অঙ্গে দাও, মা, আনি—
     আমার বুকের থেকে লও খসিয়ে নিঠুর কাঁটার মালা ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Kalingara/Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail